# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

## Date: 18.07.2024 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্ট, এবছরের নিট ইউ জি পরীক্ষার্থীদের ফলাফল আগামী শনিবার বিশে জুলাই বেলা ১২ টার মধ্যে তাদের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য ন্যাশনাল টেস্টিং এজেন্সি এন টি এ-কে নির্দেশ দিয়েছে।

২) মালদার মানিকচকের এনায়েতপুরে বিদ্যুৎ বিভ্রাটের জেরে গ্রামবাসীদের প্রতিবাদ বিক্ষোভকে কেন্দ্র করে পরিস্থিতি আজ উত্তপ্ত হয়ে ওঠে। আক্রান্ত হন আই সি সহ বেশ কয়েকজন পুলিশ কর্মী।

পুলিশের পাল্টা গুলিতে তিন বিক্ষোভকারী আহত হয়েছেন। পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকার সেখানে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে সব ধরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিয়েছে। ঘটনার নিন্দা বিজেপি সহ বিরোধীদের।

৩) শিল্প পরিকাঠামোর উন্নয়নে বানতলায় লেদার কমপ্লেক্সে আরও ১০ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে।

৪) কুলতলী কান্ডে মুল অভিযুক্ত সাদ্দাম সর্দারকে ১২ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আর এক অভিযুক্ত মান্নান খানের পাঁচ দিনের পুলিশ হেফাজত।

৫) ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলী এবার মোহনবাগান রত্ন পুরস্কার পাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট এবছরের নিট ইউ জি পরীক্ষার্থীদের ফলাফল আগামী শনিবার বিশে জুলাই বেলা ১২ টার মধ্যে তাদের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য ন্যাশনাল টেস্টিং এজেন্সি এন টি এ-কে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পারদিওয়ালা ও মনোজ মিশ্রর বেঞ্চ আজ এই নির্দেশ দেওয়ার পাশাপাশি এও বলেছেন, পরীক্ষার্থীদের পরিচয় গোপন রেখে শহর ও কেন্দ্র ভিত্তিক ফল প্রকাশ করতে হবে। আগামী সোমবার ২২-শে জুলাই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে।

শীর্ষ আদালত আরও বলেছে, নিট ইউ জি প্রশ্নপত্র ফাঁসের ব্যাপক মাত্রায় প্রভাব পড়ার জোরালো প্রমাণ পাওয়া গেলে তবেই, পুনরায় পরীক্ষা নেওয়া যেতে পারে।

ডাক্তারি প্রবেশিকা পরীক্ষায় নিট ইউ জি-তে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে দায়ের হওয়া ৪০-টিরও বেশি আবেদনের শুনানীর সময় প্রশ্ন ফাঁসের ঘটনায় চলতি তদন্তের বিষয়ে বেঞ্চ বলেন, এব্যাপারে সিবিআই-এর হাতে যে তথ্য এসেছে তা প্রকাশ্যে আনা হলে তদন্ত প্রক্রিয়ার ওপর প্রভাব পড়তে পারে।

বেঞ্চ অবশ্য জানিয়েছে, সামগ্রিকভাবে যে পরীক্ষার পবিত্রতা ক্ষুন্ন হয়েছে সে বিষয়ে সংশয়ের কোনো অবকাশ নেই। পুনরায় পরীক্ষা নেওয়া সর্বশেষ ব্যবস্থা হতে পারে বলে মত সর্বোচ্চ আদালতের।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মানিকচকের এনায়েতপুর পুলিশ আক্রান্ত হওয়ার ঘটনায় আজ ব্যাপক উত্তেজনা ছড়ায়। মানিকচক থানার আইসি সহ অন্য পুলিশ কর্মীদের ওপর গ্রাম বাসীরা হামলা চালালে থানার আইসি পার্থ সারথী হালদার গুরুতর আহত হন। এছাড়াও আক্রান্ত এ এস আই সাত্তার হোসেন, সেকেন্ড অফিসার রাকেশ বিশ্বাস সহ বেশ কয়েকজন পুলিশ কর্মী। আক্রান্ত আইসি সহ পুলিশ কর্মীদের প্রায় চার ঘন্টা ঘেরাও করে রাখে উত্তেজিত জনতা। সংবাদমাধ্যমের প্রতিনিধিরাও আক্রান্ত হন বলে জানা

গেছে। পরে মালদা জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ গিয়ে আক্রান্ত পুলিশ কর্মীদের উদ্ধার করেন। উদ্ধারের পর ধরপাকড় অভিযান শুরু করে পুলিশ। আর এই অভিযান শুরু হতেই গোটা এলাকা কার্যত শুনশান হয়ে পড়ে বলে খবর।

জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন,

(বাইট – প্রদীপ কুমার যাদব)

উল্লেখ্য, ঘনঘন বিদ্যুৎ বিভ্রাট ও বেহাল বিদ্যুৎ পরিষেবার প্রতিবাদে এনায়েতপুরবাসী মালদা-রতুয়া রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাচ্ছিলেন। এই খবর পেয়ে মানিকচক থানার পুলিশ অবরোধ তুলতে গেলে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। অবরোধকারীরা পুলিশকে মারধর করে, পুলিশের গাড়ি উল্টে দেয়।

অবরোধকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ গুলি চালালে তিন বিক্ষোভকারী আহত হন। তাদের মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থলে এখনও পুলিশ মোতায়েন রয়েছে। তবে, পরিস্থিতি আপাতত নিয়ন্ত্রণে।

০০০০০০০০০০০০০০০০০০০

মালদার মানিকচকে বিদ্যুৎ বিভ্রাটের জেরে গ্রামবাসীদের প্রতিবাদকে ঘিরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠায় রাজ্য সরকার সেখানে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সব ধরনের ব্যবস্থা নেওয়ার জন্য জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। এই ঘটনার পরেই মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা মালদার জেলাশাসক কে ফোন করে সেখানে কোনরকম প্রশাসনিক গাফিলতি যেন না থাকে সেই বিষয়ে সতর্ক করে দিয়েছেন। প্রয়োজনে তিনি এলাকায় গিয়ে সরেজমিনে পরিস্থিতি খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, স্থানীয় মানুষের সহযোগিতায় মানিকচকের এনায়েতপুরে তিনটি টাওয়ার বসানোর কাজ সম্পন্ন করতে পারলেই ১৫ দিনের মধ্যে ওই অঞ্চলে উন্নত বিদ্যুৎ পরিষেবা দেওয়া সম্ভব হবে বলে রাজ্যের বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস দাবি করেছেন। তিনি আজ এক প্রেস বিবৃতিতে বলেন, এনায়েতপুরে যে ঘটনা ঘটেছে, তা অত্যন্ত দুঃখজনক। তবে, এটি লোডশেডিংজনিত নয় বলে দাবি করে বিদ্যুৎমন্ত্রী জানান, মালদা পাওয়ার গ্রীড থেকে মানিকচক পর্যন্ত ১৩২ কেভি উচ্চ পরিবাহী লাইনের জন্য ৮৯-টি টাওয়ারের মধ্যে ৮৬-টির কাজ ইতিমধ্যেই সম্পন্ন। কিন্তু মালদার ইংলিশ বাজারে বাকি তিনটি টাওয়ার বসানোর কাজ স্থানীয় মানুষের অসহযোগিতায় সম্পন্ন করা যাচ্ছে না। ১০ মাস ধরে বিদ্যুৎ দফতর ও পুলিশ প্রশাসন এব্যাপারে চেষ্টা চালিয়ে যাচ্ছে বলেও তিনি জানান।

সিপিআই এম নেতা সুজন চক্রবর্তী অবশ্য মানিকচকের ঘটনা, লোকশেডিংজনিত নয় বলে, বিদ্যুৎমন্ত্রীর দাবি খারিজ করে দিয়েছেন।

(বাইট – সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, মানিকচকের ঘটনার তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, প্রশাসনের ওপর থেকে মানুষের বিশ্বাস উঠে যাচ্ছে। রাজ্যের বিভিন্ন জায়গায় আক্রান্ত হচ্ছে পুলিশ।

(বাইট – সুকান্ত)

এদিকে, রাজ্যের মন্ত্রী সাবিনা ইয়াসমিন ঘটনায় দুঃখ প্রকাশ করে বলেছেন, পুলিশ আক্রান্ত হওয়ার পরে আত্মঃরক্ষার্থে পাল্টা গুলি চালাতে বাধ্য হয়। কি কারণে এই ঘটনা, তা খতিয়ে দেখা হবে বলেও তিনি জানিয়েছেন।

(বাইট – সাবিনা)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশকে মানিকচকে পাল্টা পদক্ষেপ নিতে হয়েছে। ওই ঘটনায় যারা গোলমাল করেছে, তাদের পেছনে বাম-কংগ্রেসের মদত আছে বলেও কুনালবাবু অভিযোগ করেন।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদ্যুতের অতিরিক্ত বিল নিয়ে ভিক্টোরিয়া হাউসের সামনে সভা করতে চেয়ে বিজেপি, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। উত্তর কলকাতার বিজেপি নেতা তমোঘ্ন ঘোষ এই নিয়ে মামলা দায়ের করেছেন। তাঁর বক্তব্য, একতরফাভাবে সিইএসসি গ্রাহকদের চড়া হারে বিদ্যুতের বিল পাঠাচ্ছে। এর প্রতিবাদে বিজেপির মিছিল ও বিক্ষোভ কর্মসূচীর অনুমতি দিচ্ছেনা পুলিশ। তাই তারা আদালতের দ্বারস্থ হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিল্প পরিকাঠামোর উন্নয়নে বানতলায় কলকাতা লেদার কমপ্লেক্সে আরও দশ হাজার কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে সেখানকার বর্তমান অবস্থা ও পরিকাঠামো নিয়ে মুখ্যসচিব, সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সচিব সহ শিল্পপতিদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন।

পরে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের বলেন এক হাজার ১৫০ একর জমির উপরে নির্মিত এই চর্মনগরীতে নতুন আরও ১৮৭টি ট্যানারি ও ১৩৯টি ফুট ওয়্যার ইউনিট চালু হতে চলেছে। এরফলে দশ হাজার কোটি টাকা বিনিয়োগ ছাড়াও আরও আড়াই লক্ষ মানুষের কর্মসংস্থান হবে বলে তিনি জানান। রপ্তানি বৃদ্ধি পাবে। এরফলে সেখানে মোট সাড়ে সাত লক্ষ মানুষের কর্মসংস্থান হবে

বলে তার দাবি। এই কমপ্লেক্সের পরিকাঠামোর উন্নয়নে ৪৭৫ কোটি টাকার একটি জলাধার সহ মোট ৯০০ কোটি টাকা খরচ করা হয়েছে বলে আলাপনবাবু জানান।

উল্লেখ্য বর্তমানে কলকাতা লেদার কমপ্লেক্সে ৫০০টি ট্যানারিতে ২৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। এখানকার উৎপাদিত পন্য বিপননের জন্য আলিপুর জেল মিউজিয়াম সংলগ্ন এলাকায় হিডকোর উদ্যোগে একটি লেদার মল তৈরি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

উত্তরবঙ্গের রাঙাপানিতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনার এক মাসের মাথায় উত্তরপ্রদেশের গোন্ডায় আজ চন্ডীগড় থেকে অসমগামী ডিব্রুগড় এক্সপ্রেস লাইনচ্যুত হওয়ায় কমপক্ষে ২ জনের মৃত্যু হয়েছে। আহত আরও কয়েকজন। বেলা আড়াইটে নাগাদ ট্রেনটির অন্তত ২১-টি বগি পাশের নয়নজুলিতে গিয়ে পড়ে। উদ্ধারের কাজ চলছে।

রেলের পক্ষ থেকে গোন্ডা ছাড়াও – কিষাণগঞ্জ, নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি, আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, গুয়াহাটি সহ বেশ কয়েকটি স্টেশনে হেল্পলাইন চালু করা হয়েছে।

নিউ জলপাইগুড়ির নম্বর হল – ৬২৮৭–৮০১৭৫৮, শিলিগুড়ির – ৯৭৪৯-৩৯৭৭৩৫, আলিপুরদুয়ারের – ৯০৪৬-২২৬৬৩৫ ও নিউ কোচবিহারের ৭৬০৫-০৩৬১৫৫ ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

oooooooooooooooooooooo

কুলতলী কান্ডে মূল অভিযুক্ত সাদ্দাম সর্দারকে ১২ দিনের পুলিশ হেপাজতে পাঠানো হয়েছে। তাকে ও এই মামলায় আরেক অভিযুক্ত মান্নান খানকে আজ বারুইপুর মহকুমা আদালতে তোলা হয়।মান্নান কেও ৫ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

সরকারী আইনজীবী এদের জামিনের বিরোধিতা করে ১৪ দিনের পুলিশ হেপাজতের আবেদন জানিয়ে কুলতলি ও জয়নগর থানায় এদের বিরুদ্ধে একাধিক মামলা আছে বলে উল্লেখ করেন।পুলিশ কে লক্ষ্য করে আগ্নেয়াস্ত্র দেখানর ভি ডি ও ফুটেজ আছে বলেও তিনি আদালতে জানান।

অন্যদিকে আসামী পক্ষের উকিল বলেন, তুচ্ছ বিষয়কে বড় করে দেখানো হছহে। সাদ্দাম একজন সমাজ সেবি। তাঁর কাছে কোন অস্ত্র নেই। ভুল তথ্যের ভিত্তিতে পুলিশ তাকে ধরতে যায়।

২ পক্ষের সওয়াল জবাব শোনার পর বিচারক এই নির্দেশ দেন।

উল্লেখ্য, পুলিশ গতরাতে বাণীরধল এলাকা থেকে সাদ্দাম ও মান্নন কে গ্রেপ্তার করে। মান্নান খান নামে স্থানীয় ওই সিপিআইএম নেতার ভেড়ির আলাঘরে সাদ্দাম লুকিয়ে ছিল বলে পুলিশ জানায়।

আগেই জানানো হয়েছে, নকল সোনা প্রতারণা মামলায় অভিযুক্তকে সাদ্দামকে ধরতে গিয়ে গত সোমবাররাজ্য পুলিশ জালাবেড়িয়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রবল বাধার সম্মুখীন হয়। অভিযুক্তকে ছিনিয়ে নিয়ে চম্পট দেয় তার ভায়েরা।

আহত হন তিন পুলিশ কর্মী। ঐদিন সাদ্দামের স্ত্রী সহ দুই মহিলাকে পুলিশ গ্রেফতার করে।

কুলতলির পয়তারহাট গ্রামে বসেই দীর্ঘ ১৫ বছর ধরে নকল সোনার কারবার চালাচ্ছিল প্রতারক সাদ্দাম সর্দারের গোটা পরিবার। নকল সোনা বিক্রির পাশাপাশি, জাল নোট চক্রের সঙ্গেও যুক্ত ছিল এরা। কুলতলির পয়তারহাট গ্রাম হয়ে উঠেছিল নকল সোনার কারবারিদের মুক্তাঞ্চল। সাদ্দাম, তার ভাই সায়রুল ও ছাকাতের ছেলে শাহজাহানকে সামনে রেখে এই কারবার চলত। এই কাজে মহিলাদের ঢাল হিসেবে ব্যবহার করী হত। সাদ্দামের বাড়িতে মিলেছে গোপন এক সুড়ঙ্গ পথও, পুলিশ এই বিষয়েও তদন্ত করছে। গত মঙ্গলবার দুপুরে পয়তারহাট থেকে আফতাব সর্দার নামে এক দুষ্কৃতীকে গ্রেফতার করলেও সাদ্দামের ভাই সাইরুল সর্দার এখনও অধরা।

০০০০০০০০০০০০০০০০০০০

গণপিটুনি এবং সালিশি সভা বসিয়ে অত্যাচারের একের পর এক ঘটনার মধ্যেই এবার হাওড়ার ডোমজুড়ে চুরির অপবাদ দিয়ে পরিচারিকার বাবা, মা ও ভাইকে বাড়িতে আটকে রেখে মারধর ও চুল কেটে নেওয়ার অভিযোগে পুলিশ মোট ৭ জনকে গ্রেফতার করেছে। তাদের আজ হাওড়া আদালতে তোলা হলে তিনজনকে পাঁচদিনের পুলিশ হেফাজত ও বাকি চারজনের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পুলিশ এই ঘটনায় গতকালই তিনজনকে গ্রেফতার করে। আজ আরও চারজনকে ধরা হয়।

অভিযুক্ত ব্যবসায়ী পরিবারের দাবি, বাড়ি থেকে ২০ লক্ষ টাকা নিয়ে পালিয়ে যায় মেয়েটি। যদিও পুলিশ জানিয়েছে, প্রেমিককে বিয়ে করার জন্য দিন ২৫ আগে মেয়েটি পালিয়ে যায়। এরপর ব্যবসায়ী পরিবারটি পরিচারিকার বাবা, মা ও ভাইকে উত্তর কলোড়া এলাকায় নিজেদের কারখানায় আটকে রেখে বেধড়ক মারধর করা হয় অভিযোগ। মাথার চুল কেটে নেওয়া হয়। সেই ভিডিও ভাইরাল হলে ঘটনাটি প্রকাশ্যে আসে। নির্যাতিতরা প্রাণের ভয়ে জগদীশপুরে এক আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়েছিলেন। খবর পেয়ে পুলিশ সেখান থেকে তাদের বাড়িতে ফিরিয়ে আনে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী এবার 'মোহনবাগান রত্ন' পুরস্কার পাচ্ছেন। আগামী ২৯ শে জুলাই মোহনবাগান দিবসের অনুষ্ঠানে সৌরভের হাতে এই সন্মান তুলে দেওয়া হবে। আজ ক্লাবের কার্যকরী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। সৌরভ ৯ বছর মোহনবাগানে খেলেছেন।এবার মরণোত্তর জীবনকৃতি পুরস্কার দেওয়া হবে মোহনবাগানের প্রাক্তন হকি অধিনায়ক বিমল মুখার্জীকে।

এছাড়া দিমিত্রি পেত্রাতোস সেরা ফুটবলার, মনবীর সিং সেরা ফরোয়ার্ড, সুহেল ভাট সেরা জুনিয়র ফুটবলার, অভিলিন ঘোষ সেরা ক্রিকেটার, করুণাময় মাহাতো সেরা আথলীট, দিলীপ সেন, সেরা রেফারীর পুরস্কার পাবেন।

oooooooooooooooooooo